

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০০২.২৩.২০৯

বিষয়: “টেক্সটাইল নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত  
মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৩৮৫, তারিখঃ ০৫/০৫/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স টুটেক্স এ্যাপারেল লিমিটেড, অফিসঃ বাড়ী-১০, ফ্ল্যাট-এ৪, রোড-৪, সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০ ও কারখানাঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ নামক কারখানাটি “টেক্সটাইল নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ ০০০৯৪২-২২, তারিখ-১৮/০৪/২০২২ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুসমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং-X240305001-2, তারিখ- 20/04/24 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- TPSHACTG24040261, তারিখ-29/04/24 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য-69,296.00 মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানীকৃত মেশিনারীজ/যন্ত্রাংশ আগামী ০৩ (তিন) মাসের মধ্যে কারখানায় স্থাপন পূর্বক বস্ত্র অধিদপ্তরে হতে নিবন্ধন সংশোধন/সম্প্রসারণ/সংযোজন করতে হবে। অন্যথায় নিবন্ধন পত্রটি বাতিল বলে গণ্য হবে।
- আমদানীকৃত মেশিনারীজসমূহ ১০০% রপ্তানীমুখী তৈরী পোশাক উৎপাদনে ব্যবহার করতে হবে।

১৩-০৫-২০২৪

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।

স্মারক নম্বর:

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম/ঢাকা।;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স টুটেক্স এ্যাপারেল লিমিটেড, অফিসঃ বাড়ী-১০, ফ্ল্যাট-এ৪, রোড-৪, সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০ ও কারখানাঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দ্রিয়া, নেত্রকোনা-২৪৮০।;
- ৪। সহকারি পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর এবং
- ৫। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



১৩-০৫-২০২৪

কামরুল আলম

সহকারী পরিচালক